

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৯৩৫
আগরতলা, ২৩ ফেব্রুয়ারি, ২০২৪

পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের অর্থ বিষয়ক স্থায়ী কমিটির সভা

পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাগৃহে গতকাল জিলা পরিষদের অর্থ বিষয়ক স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি হরিদুলাল আচার্য সভায় সভাপতিত্ব করেন। সভায় উপস্থিত ছিলেন স্থায়ী কমিটির অন্যান্য সদস্য-সদস্যগণ এবং বিভিন্ন সরকারি দপ্তরের আধিকারিকগণ। সভায় ক্ষুদ্র সঞ্চয় দপ্তরের আধিকারিক জানান, চলতি বছরে ক্ষুদ্র সঞ্চয় প্রকল্পে পশ্চিম জেলার তিনটি মহকুমা থেকে ৬০৯ কোটি টাকা সংগ্রহের লক্ষ্যমাত্রা ছিল। এখন পর্যন্ত ৫০২ কোটি টাকা সংগ্রহ করা হয়েছে। পরিসংখ্যান দপ্তরের প্রতিনিধি সভায় জানান, ন্যাশনাল সেম্পল সার্ভের ৭৯তম পর্যায়ের কাজ শেষ হয়েছে। এই সার্ভের ৭৩তম ও ৭৮তম পর্যায়ের ভেরিফিকেশনের কাজ চলছে। লিড ব্যাঙ্কের প্রতিনিধি সভায় প্রধানমন্ত্রী ফ্ল্যাগশিপ প্রকল্পে ঋণ প্রদানের বিষয়ে পর্যালোচনা করেন। এছাড়া জিলা পরিষদের সচিব সভায় জানান, চলতি বছরে জিলা পরিষদের পঞ্চায়েত উন্নয়ন তহবিল থেকে ১৭ উর্ধ্ব ছাত্রছাত্রীদের কাবাডি প্রতিযোগিতার জন্য যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরকে ১ লক্ষ টাকা দেওয়া হবে। এই ফান্ড থেকে ডুকলি ব্লকের কাঞ্চনমালা পঞ্চায়েতের বৈদ্যুতিক লাইন সহ ১টি সাব স্টেশন স্থানান্তরের জন্যও ৩৬ হাজার ১৫৭ টাকা বিদ্যুৎ নিগমকে দেওয়া হবে।
